গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

**ঢাকা, বৃহস্পতিবার ৪ জুন ২০১৫, ২১ জ্যৈষ্ঠ ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। উদ্ভাবনী শক্তি ও ধারণা নিয়ে সরকারি কর্মকর্তাদের কাজ করতে হবে : প্রধানমন্ত্রী
২। প্রতিবেশীর সঙ্গে বন্ধুত্বে যে কোনো সমস্যার সমাধান সম্ভব : প্রধানমন্ত্রী
৩। আজ বাজেট পেশ
: আকার ৩ লাখ কোটি টাকা- কমছে ভর্তুকি
৪। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের অনুপস্থিত ৭ ডাক্তারকে ওএসডি করার নির্দেশ
৫। ২১০ মিলিয়ন ডলারের বিবিয়ানা-২ বিদ্যুৎকেন্দ্র ঋণচুক্তি সামিটের
৬। কুমিল্লায় বাসে পেট্রলবোমা হামলা : দগ্ধ ৭ যাত্রী
৭। রমজান উপলক্ষে আজ থেকে খোলাবাজারে তেল-ডাল ছাড়ছে টিসিবি
৮। ১১ মাসে রেমিট্যান্স প্রবৃদ্ধি সাত শতাংশের বেশি
৯। শেয়ারে কারসাজি করায় প্রায় পাঁচ কোটি টাকা জরিমানা
১০। বেটার দ্যান ক্যাশ অ্যালিয়েন্স সদস্য হলো বাংলাদেশ
১১। ৩০ জুনের মধ্যে সব স্কুল-কলেজে ওয়েবসাইট

চলমান পাতা/২

১। উদ্ভাবনী শক্তি ও ধারণা নিয়ে সরকারি কর্মকর্তাদের কাজ করতে হবে : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা উদ্ভাবনী শক্তি ও ধারণা এবং দেশের কীভাবে উন্নয়ন হবে, এ বিষয়টি বিবেচনায় রেখে কাজ করার জন্য সরকারি কর্মকর্তাদের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, কোনো এলাকার উন্নয়ন নির্ভর করে সংশ্লিষ্ট এলাকার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার ওপর। প্রধানমন্ত্রী বলেন, রুটিন কাজ করাই যথেষ্ট নয়। মাঠ পর্যায়ে যারা কাজ করেন, তাদের উদ্ভাবনী শক্তি থাকতে হবে এবং তাদের সংশ্লিষ্ট এলাকার গুরুত্ব শনাক্ত করতে হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সিভিল সার্ভিসের সদস্যদের জাতির উজ্জ্বল ভবিষ্যৎ গড়ার স্থপতি হিসেবে উল্লেখ করে তাদের প্রশিক্ষণের শেষ দিনে নেওয়া শপথ স্মরণ রেখে দায়িত্ব পালনের আহ্বান জানান। প্রধানমন্ত্রী গত ২ জুন মঙ্গলবার রাজধানীর শাহবাগে বিসিএস প্রশাসন একাডেমি আয়োজিত ৯২তম ও ৯৩তম আইন ও প্রশাসন কোর্সের সমাপনী অনুষ্ঠানে এসব কথা বলেন। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.৪), ইত্তেফাক (পৃ.১৯,ক.৪), নিউজ টুডে (শেষ পৃ.,ক.২), নিউ এজ (শেষ পৃ.,ক.১)।

২। প্রতিবেশীর সঙ্গে বন্ধুত্বে যে কোনো সমস্যার সমাধান সম্ভব : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আলোচনা বা বন্ধুত্বের মাধ্যমে প্রতিবেশী দেশের সঙ্গে যে কোনো সমস্যার সমাধান সম্ভব। সমুদ্র অধিকার নিশ্চিত করতে ভারত ও মিয়ানমারের সঙ্গে বন্ধুত্ব বজায় রেখে ২০১৪ সালের ৭ জুলাই আন্তর্জাতিক আদালতে মামলার রায় পেয়েছি। প্রতিবেশী দেশের সঙ্গে মামলা করে সমুদ্র অধিকার প্রতিষ্ঠা করলেও তাদের সঙ্গে সম্পর্কের এতটুকু চিড় ধরেনি। ভারতের লোকসভা ও রাজ্যসভায় স্থলসীমান্ত চুক্তি অনুমোদিত হওয়ায় বাংলাদেশ জাতীয় সংসদের পক্ষ থেকে ভারতের জনগণ এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সরকারকে ধন্যবাদ জানিয়ে গত ২ জুন মঙ্গলবার সংসদে আনীত প্রস্তাবের ওপর আলোচনায় অংশ নিয়ে তিনি এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৭), সংবাদ (পৃ.১,ক.৩), যুগান্তর (শেষ পৃ.,ক.২), ডেইলি সান (পৃ.১,ক.১)।

৩। আজ বাজেট পেশ

: আকার ৩ লাখ কোটি টাকা- কমছে ভর্তুকি

আগামী ২০১৫-১৬ অর্থবছরের বাজেটে ২৪ হাজার ৬০৯ কোটি টাকার ভর্তুকি প্রস্তাব রেখে আজ ৪ জুন বৃহস্পতিবার বিকেলে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত নয়া বাজেট উপস্থাপন করবেন। ক্ষমতাসীন সরকারের দ্বিতীয় মেয়াদের ২য় বাজেট নিয়ে টানা সপ্তমবারে মতো বাজেট দিতে যাচ্ছে সরকার। সূত্র-সংবাদ (পৃ.১,ক.৫)। প্রথম আলো, সমকাল, যুগান্তর, ইনকিলাব, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডেসহ অধিকাংশ দৈনিক এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৪। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের অনুপস্থিত ৭ ডাক্তারকে ওএসডি করার নির্দেশ

স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম আকস্মিকভাবে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল পরিদর্শন করেছেন। গতকাল ৩ জুন বুধবার রাতে তিনি নিউরো সার্জারি ও শিশু বিভাগ পরিদর্শন করেন। এ সময় কর্মস্থলে অনুপস্থিত থাকায় সাতজন চিকিৎসককে ওএসডি করে দ্রুত ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেন মন্ত্রী। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৫), সমকাল (পৃ.২,ক.৬), জনকণ্ঠ (পৃ.২,ক.১)।

৫। ২১০ মিলিয়ন ডলারের বিবিয়ানা-২ বিদ্যুৎকেন্দ্র ঋণচুক্তি সামিটের

সামিট গ্রুপের ৩৪১ মেগাওয়াট ক্ষমতার বিবিয়ানা-২ বিদ্যুৎকেন্দ্রের জন্য ২১০ মিলিয়ন মার্কিন ডলার ঋণ দেবে এডিবি, আইএফসি এবং আইএসডিবি। এ লক্ষ্যে গত ২ জুন মঙ্গলবার রাতে রাজধানীর সোনারগাঁও হোটেলে ঋণ চুক্তি স্বাক্ষরিত হয়। দেশের বেসরকারি খাতের কোনো প্রকল্পে আন্তর্জাতিক এই তিন উন্নয়ন সহযোগীর এটিই বৃহত্তম সরাসরি ঋণ প্রদান। সূত্র-সংবাদ (শেষ পৃ.,ক.৪), ইত্তেফাক (শেষ পৃ.,ক.৪), ডেইলি সান বিজনেস (পৃ.১,ক.৩)।

৬। কুমিল্লায় বাসে পেট্রলবোমা হামলা : দগ্ধ ৭ যাত্রী

কুমিল্লার চান্দিনায় ইউনিক পরিবহণের একটি যাত্রীবাহী নৈশকোচে পেট্রলবোমা হামলা চালিয়েছে দুর্বৃত্তরা। এ ঘটনায় বাসের ৭ যাত্রী দগ্ধ হয়েছে। এরমধ্যে গুরুতর অবস্থায় অঞ্জন ও রঞ্জিতসহ ৫ বাস যাত্রীকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের বার্ন ইউনিটে ভর্তি করা হয়েছে। এছাড়া ২ জনকে কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতালের বার্ন ইউনিটে চিকিৎসাধীন প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে। গত ২ জুন মঙ্গলবার রাত ১২টার দিকে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে কুমিল্লা জেলার চান্দিনা উপজেলার কাঠেরপুল এলাকায় এ ঘটনা ঘটে। এদিকে ঘটনা তদন্তে কুমিল্লার অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট গোলামুর রহমানকে প্রধান করে ৫ সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। হামলার ঘটনায় জড়িত সন্দেহে স্থানীয় বড় কমতা ইউনিয়ন জামায়াতের আমির মাওলানা রফিকুল আলমকে আটক করেছে পুলিশ। সূত্র-প্রথম আলো (পৃ.১,ক.৩), ইত্তেফাক (পৃ.১,ক.২), ডেইলি স্টার (পৃ.১,ক.১), নিউজ টুডে (পৃ.১,ক.২)। সংবাদ, জনকণ্ঠ এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৭। রমজান উপলক্ষে আজ থেকে খোলাবাজারে তেল-ডাল ছাড়ছে টিসিবি

রমজান উপলক্ষে খোলাবাজারে চিনি, মসুর ডালসহ পাঁচটি নিত্যপ্রয়োজনীয় পণ্য বিক্রি শুরু করছে সরকারি

বিপণন সংস্থা ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি)। আজ ৪ জুন বৃহস্পতিবার থেকে সারাদেশে ১৭৪টি স্থানে ট্রাকে করে পাঁচটি পণ্য বিপণন শুরু হবে। ঢাকায় ২৫টি স্থানে, চট্টগ্রামে ১০টি স্থানে, অন্যান্য বিভাগীয় শহরে পাঁচটি স্থানে ও বাকি জেলা সদরে দুটি স্থানে ট্রাকযোগে পণ্য বিক্রি হবে। প্রাথমিকভাবে চিনি, মসুর ডাল, সয়াবিন তেল, ছোলা ও খেজুর বিক্রি করা হবে। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৭), যুগান্তর (পৃ.২,ক.৩), সংবাদ (পৃ.১৪,ক.২)।

৮। ১১ মাসে রেমিট্যান্স প্রবৃদ্ধি সাত শতাংশের বেশি

চলতি ২০১৪-১৫ অর্থবছরের ১১ মাসে (জুলাই-মে) রেমিট্যান্সের প্রবৃদ্ধি হয়েছে সাত দশমিক ২০ শতাংশ। একইভাবে গত মে মাসে গত বছরের একই মাস এবং চলতি বছরের এপ্রিল মাসের তুলনায়ও বেড়েছে রেমিট্যান্সের পরিমাণ। বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রানীতি বিভাগের হালনাগাদ প্রতিবেদনে এসব তথ্য পাওয়া গেছে। সূত্র-ইত্তেফাক (পৃ.১৮,ক.৬), সমকাল (পৃ.১৪,ক.৬), ডেইলি স্টার বিজনেস (পৃ.১,ক.৪), ডেইলি সান বিজনেস (পৃ.১,ক.১)।

৯। শেয়ারে কারসাজি করায় প্রায় পাঁচ কোটি টাকা জরিমানা

পুঁজিবাজারে তালিকাভুক্ত শাহ্জীবাজার পাওয়ার কোম্পানি লিমিটেডের (এসপিসিএল) শেয়ার কারসাজিতে জড়িত থাকার দায়ে বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে জরিমানা করেছে নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)। গত ২ জুন মঙ্গলবার কমিশনের এক সভায় জড়িতদের জরিমানা করার সিদ্ধান্ত নেওয়া হয়। সূত্র-ইত্তেফাক (পৃ.১৮,ক.৬), যায়যায়দিন (শেষ পৃ.,ক.৬), যুগান্তর (শেষ পৃ.,ক.১)।

১০। বেটার দ্যান ক্যাশ অ্যালিয়েন্স সদস্য হলো বাংলাদেশ

জাতিসংঘের নেতৃত্বাধীন জোট 'বেটার দ্যান ক্যাশ অ্যালিয়েন্স'-এ সদস্য দেশ হিসেবে অন্তর্ভুক্ত হয়েছে বাংলাদেশ। 'ডিজিটাল বাংলাদেশ ভিশন ২০২১' বাস্তবায়নে সহজ, হয়রানিমুক্ত ও দ্রুত নাগরিকগণের সেবাপ্রাপ্তি নিশ্চিত করতে সকল ধরনের ক্যাশ পেমেন্ট ডিজিটাইজড করার লক্ষ্যেই এই উদ্যোগ নিয়েছে সরকার। সূত্র-সংবাদ (শেষ পৃ., ক.১), জনকণ্ঠ (পৃ.১৯,ক.৮), ডেইলি সান বিজনেস (পৃ.১,ক.৬)।

১১। ৩০ জুনের মধ্যে সব স্কুল-কলেজে ওয়েবসাইট

দেশের সব মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বেসরকারি কলেজে ডায়নামিক ওয়েবসাইট তৈরির নির্দেশনা দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। আগামী ৩০ জুনের মধ্যে ওয়েবসাইট তৈরির নির্দেশ দেওয়া হয়েছে। গত ২ জুন মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয় থেকে এক পরিপত্র জারি করে এ নির্দেশনা দেওয়া হয়। সূত্র-ভোরের কাগজ (পৃ.১,ক.১)।

## সম্পাদকীয়

ক. প্রথম আলো : মিয়ানমার ও বাংলাদেশ থেকে থাইল্যান্ড ও মালয়েশিয়ায় মানব পাচারের সঙ্গে থাইল্যান্ডের রাজকীয় এক উপদেষ্টার জড়িত থাকার অভিযোগে থাই সেনাবাহিনী তাকে বরখাস্ত করার খবর স্বস্তিদায়ক উল্লেখ করে বাংলাদেশে মানবপাচারের সঙ্গে জড়িতদের চিহ্নিত করে তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার দাবি;

খ. ইত্তেফাক : স্থানীয় একটি ট্যানারি হতে ব্যাপক হারে অপরিশোধিত রাসায়নিক বর্জ্য ফেলায় মাত্র ৪৮ ঘণ্টায় মৎস্য ও জলজ প্রাণীশূন্য হয়ে পড়েছে ভৈরব নদ - এ ব্যাপারে উদ্বেগ প্রকাশ করে এ নদ বাঁচাতে যথাযথ ব্যবস্থা নেওয়ার সুপারিশ;

গ. জনকণ্ঠ : সমরাস্ত্র খাতে ব্যয় কমালে মানুষের খাদ্য নিশ্চয়তা বাড়িয়ে দারিদ্র্য হ্রাস করা সম্ভব প্রধানমন্ত্রী শেখ হাসিনার এ বক্তব্যের সাথে একমত প্রকাশ করে বিশ্বব্যাপী অস্ত্র ক্রয় কমানোর ওপর গুরুত্বারোপ;

ঘ. সংবাদ : সৎ করদাতাদের ওপর করের বোঝা চাপানোর সংস্কৃতি বন্ধ করে লাখ লাখ টিআইএনধারী যারা কর দেন না তাদের করের আওতায় আনার সুপারিশ;

ঙ. ইনকিলাব : রাজনৈতিক অনিশ্চয়তার গ্রহণযোগ্য ও স্থায়ী সমাধান ছাড়া দেশের অর্থনীতির কাঙ্ক্ষিত উন্নয়ন সম্ভব নয় বলে মত প্রকাশ;

চ. ডেইলি স্টার, নিউজ টুডে, প্রথম আলো, ইত্তেফাক, সমকাল, যুগান্তর : ফুটপাত হকারমুক্ত করার আগে ভাসমান এসব হকারদের পুনর্বাসনে ব্যবসা করার বিকল্প জায়গার ব্যবস্থা করার ওপর গুরুত্বারোপ;

ছ. ইন্ডিপেনডেন্ট : স্থানীয় দুগ্ধ খামারিদের সহায়তায় সরকারি উদ্যোগে গৃহীত ভেটেরিনারি সার্ভিস ক্রমান্বয়ে দেশব্যাপী ছড়িয়ে দেওয়ার সুপারিশ;

জ. ডেইলি সান : চট্টগ্রামের প্রধান দুটি নদী কর্ণফুলী ও হালদা সুরক্ষায় যথাযথ কর্তৃপক্ষকে সমন্বিত উদ্যোগ নেওয়ার আহ্বান;

ঝ. নিউ নেশন : ভারতে বাংলাদেশি পণ্য রপ্তানি বাড়াতে আরও কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ;

ঞ. ডেইলি অবজারভার : অতি-দারিদ্র্য কমানোর লক্ষ্যে বাজেটে বরাদ্দ বাড়ানোর সুপারিশ;

ট. নিউ এজ : যানজট নিরসনে ট্রাফিক পুলিশদের যথাযথ ট্রেনিংয়ের ব্যবস্থা করার প্রয়োজনীয়তা তুলে ধরে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

ইনকিলাব পত্রিকায় প্রকাশিত কলামে শিক্ষা প্রতিষ্ঠানকে গতানুগতিক দলীয় রাজনীতির বৃত্ত থেকে বাইরে রাখার পদক্ষেপ গ্রহণই হতে পারে শিক্ষা সংস্কারের প্রথম গুরুত্বপূর্ণ উদ্যোগ এমন অভিমত ব্যক্ত করা হয়েছে।

নিবন্ধ ও ড়ি ধরাধরি করে চলুক' শিরোনামের নিবন্ধে আবদুল লতিফ মন্ডল গণতন্ত্র ও উন্নয়ন হাত ধরাধরি করে চললে তা বাংলাদেশকে পৃথিবীর উন্নত গণতান্ত্রিক দেশগুলোর কাতারে নিয়ে আসবে বলে অভিমত প্রকাশ করেছে।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা